


৪৭
সি.এম.

**ব্যাংকের লাভের টাকায়
ছাত্রদের বৃত্তি দেয়া যায়**
—এক্সিম ব্যাংক চেয়ারম্যান

নিম্ন বার্তা পরিবেশক

দেশে ৩০টি বেসরকারি ব্যাংক আছে। প্রতিটি ব্যাংক বছরে গড়ে ২০০ থেকে ৩০০ কোটি টাকা লাভ করে। লাভের টাকা থেকে যদি ১ কোটি টাকা করেও দরিদ্র মেধাবী ছাত্রদের বৃত্তি হিসেবে দেয়া হয় তাহলে বছরে প্রায় ৩০ হাজার শিক্ষার্থীর উপকার হয়। শিক্ষার আলো থেকে বঞ্চিত হবে না তারা।

গতকাল সকালে সোনারগাঁও কোর্টেলে
বৃত্তি : পৃঃ ১১ কঃ ৮



গতকাল কোর্টেলে সোনারগাঁওয়ে এক্সিম ব্যাংকের বৃত্তি প্রদান অনুষ্ঠানে শিক্ষার্থীদের সঙ্গে ব্যাংক কর্মকর্তারা

বৃত্তি : ছাত্রদের

(১১ পৃষ্ঠার পর)

এক্সিম ব্যাংক বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি বক্তব্যে এক্সিম ব্যাংকের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদার এ কথা বলেন।

এক্সিম ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক কাজী মসিহুর রহমানের সভাপতিত্বে বক্তব্য রাখেন প্রাইম ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক শাহজাহান উইয়া, ডাচ-বাংলা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ইয়াছিন আলী, নাউবিস্ট ব্যাংকের চেয়ারম্যান আলমগীর কবির, যমুনা ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক লকিয়ত উল্লাহ ও বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীরা।

প্রধান অতিথি বলেন, সামাজিক দায়বদ্ধতা থেকেই এ ধরনের প্রকল্প হতে নিচ্ছে এক্সিম ব্যাংক। সারাদেশ থেকে নিজেদের প্রতিনিধি পাঠিয়ে দরিদ্র ও অসচ্ছন্দ পরিবারের মেধাবী ছাত্রদের নিরপেক্ষভাবে নির্বাচন করা হয়েছে। ভবিষ্যতে গ্রামের মেধাবীদেরও বৃত্তি দেয়া হবে।

তিনি আরও বলেন, দারিদ্র্যের কারণে অনেকের লেখাপড়া বন্ধ হয়ে যায়। অর্থ লেখাপড়া চালিয়ে যেতে পারলে তারা ভবিষ্যতে পুরো পরিবারের দায়িত্ব নিতে পারে। ভবিষ্যতে তার ব্যাংক থেকে সুদমুক্ত ঋণ দেয়া হবে ছাত্রদের লেখাপড়া চালিয়ে যাওয়ার জন্য।

উল্লেখ্য, গতবছরের আগস্ট মাস থেকে ছাত্রদের জন্য এ বৃত্তি প্রকল্প চালু করে এ পর্যন্ত পাঁচশ' ছাত্রছাত্রীকে বৃত্তি দিয়ে আসছে এক্সিম ব্যাংক। এ বছর ঢাকা শহরের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ৬১ জন ও ঢাকার বাইরের বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের ৮ জনসহ মোট ৬৯ জনকে বৃত্তি দিয়েছে এক্সিম ব্যাংক। তাদের শিক্ষা সম্পন্ন হওয়া পর্যন্ত এ বৃত্তি চালু থাকবে।